



স্বাধীনতা সঙ্গী, সশস্ত্র বাহিনী, সশস্ত্র বাহিনী  
স্বাধীনতা সঙ্গী সশস্ত্র বাহিনী

Job Category: Engineer/Architect

Job Source: ০০০০০ ০০০০০০

## Job Summary

Posted On: 29 Nov 2024

Application Deadline: 16 Dec 2024

# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
[www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd)

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং-৮০.০০.০০০০.৩০১.৭৩.০০১(অংশ-১).২৪.১৯০

তারিখ ১৩ অগ্রহায়ণ, ১৪৩১  
২৮ নভেম্বর, ২০২৪

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা কর্তৃক ২৮.১১.২০২৪ তারিখে ৮০.০০.০০০০.৩০১.৭৩.০০১ (অংশ-১).২৪-১৮৭ নম্বর স্মারকে বিজ্ঞপ্তি নম্বর (৫৫-৬০)/২০২৪ (৫৫-৬০)/২০২৪ (উচ্চতর স্কেল) এবং ৮০.০০.০০০০.৩০১.৭৩.০০১ (অংশ-১).২৪-১৮৮ নম্বর স্মারকে বিজ্ঞপ্তি নম্বর (৬১-৬৬)/২০২৪ এর মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের নন-ক্যাডার বিভিন্ন গ্রেডের (উচ্চতর স্কেলসহ ৯ম-১১তম গ্রেড) সর্বমোট ১২ ক্যাটাগরির ৪৮২টি পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের থেকে অনলাইনে আবেদনপত্র আহ্বান করেছেন। বিস্তারিত নিয়োগ বিজ্ঞপ্তি ও সংশ্লিষ্ট নির্দেশাবলি কর্ম কমিশনের Web address : [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর Web address <http://bpsc.teletalk.com.bd> এ পাওয়া যাবে।

০২. অনলাইন রেজিস্ট্রেশন ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫.১২.২০২৪ খ্রিঃ, দুপুর ১২.০০ মিনিট এবং অনলাইন রেজিস্ট্রেশনের শেষ তারিখ ও সময়: ১৬.০১.২০২৫ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০ মিনিট। কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ ১৬.০১.২০২৫ তারিখ, সন্ধ্যা ৬.০০ মিনিট হতে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে অর্থাৎ ১৯.০১.২০২৫ তারিখ, সন্ধ্যা ৬.০০ মিনিট পর্যন্ত SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

০৩. ফি জমাদানের পূর্ব পর্যন্ত আবেদনপত্র সংশোধনের সুযোগ রয়েছে। প্রার্থীদের আবেদনের প্রিন্ট কপি দেখে নিশ্চিত হয়ে ফি জমা দিতে হবে। ফি জমাদানের পর আবেদনপত্রে আর কোন সংশোধনের সুযোগ থাকবে না।

০৪. অনলাইনে রেজিস্ট্রেশনের শেষ তারিখের পর Applicant's Copy (BPSC Form-5A) তে কোন ধরনের তথ্য সংশোধনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৫. আবেদনকারী প্রার্থীর বয়স সংশ্লিষ্ট পদের বিপরীতে বিজ্ঞপ্তির ০৮ নম্বর কলামে উল্লিখিত বয়সসীমার (০১.১১.২০২৪ তারিখ হতে) মধ্যে থাকতে হবে।

- শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিত  
[দিলাওয়েজ দুরদানা]  
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]

জি-১৬৩৩/১১/২৪ (৬'৪৩)